**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৩৯

তারিখঃ ২৩ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
০৮মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: Seminar on Role of Issue Managers for IPO application.

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ক্যাপিটাল ইস্যু বিভাগের উদ্যোগে অদ্য ০৮ মার্চ, ২০২১ ইং তারিখে সিকিউরিটিজ কমিশন ভবনের মাল্টিপারপাস হলে Seminar on the Role of Issue Managers for IPO Application শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সম্মানিত কমিশনার ড. শেখ সামসুদ্দিন আহমেদ। তিনি বলেন, পুঁজিবাজারকে শক্তিশালী করার জন্য ভাল সিকিউরিটিজের তথা ভাল মৌল ভিত্তি সম্পন্ন কোম্পানির কোন বিকল্প নেই। আর পুঁজিবাজারে মৌল ভিত্তি সম্পন্ন কোম্পানিকে অন্তর্ভূক্ত করার জন্য ইস্যু ব্যবস্থাপককে অন্যতম ভূমিকা পালন করতে হবে। তিনি আরো বলেন, ইস্যু ব্যবস্থাপক শুধুমাত্র আইনগত বাধ্যবাধকতার জন্য ডিউ ডিলিজেন্স দিবেন আর ফিজিক্যাল ভেরিফিকেশন রিপোর্ট প্রদান করবেন তা কিন্তু নয়, ইস্যু ব্যবস্থাপককে অবশ্যই পুঁজিবাজারের উন্নয়নে পুঁজিবাজারের সক্রিয় অংশীজন হিসেবে তার যথাযথ দায়িত্ব পালন এবং আস্থা সৃষ্টি করতে হবে। তিনি সবাইকে এই অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন বিএমবিএর প্রেসিডেন্ট মো: সাইদুর রহমান। তিনি তার বক্তব্যের প্রথমেই কমিশনকে এই ধরণের একটি অনুষ্ঠান অয়োজনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আশা করেন এই ধরণের প্রশিক্ষণ কর্মশালা থেকে প্রাপ্ত শিক্ষা তাদের পরবর্তী সময়ে ইস্যু ব্যবস্থাপক হিসেবে আরো সুনিপুনভাবে কাজ করতে সহায়তা করবে।

অনুষ্ঠানে Role of Issue Managers for IPO application এর উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও মুখপাত্র মোহাম্মদ রেজাউল করিম। মূল প্রবন্ধে তিনি আইপিও প্রক্রিয়া ও আইপিও প্রক্রিয়ায় ইস্যু ব্যবস্থাপকের ভূমিকা নিয়ে তার প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি বলেন ইস্যু নির্বাচন ও ইস্যু আনয়নের ক্ষেত্রে আরো বেশী সচেতন হতে হবে। অন্যানের মধ্যে তিনি আরো বলেন, নিরীক্ষকের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের উপর নির্ভর না করে আইন মোতাবেক ইস্যু ব্যবস্থাপককে ইস্যুয়ারের আর্থিক প্রতিবেদনের সত্যতা ও যতার্থতা যাচাই করতে হবে, ফিজিক্যাল ভেরিফিকেশন রিপোর্টের সাথে আর্থিক প্রতিবেদন, ব্যাংক স্টেটমেন্ট, বিল ও অন্যান্য প্রতিবেদনের অসঙ্গতি আছে কিনা তা দেখতে হবে এবং সব ঠিক থাকলে তারপর ডিউ ডিলিজেন্স দিবেন। তিনি বলেন, ইস্যু ব্যবস্থাপক শুধুমাত্র ইস্যুয়ারের আর্থিক প্রতিবেদনের উপর ভিত্তি করে ডিউ ডিলিজেন্স দিবেন না বরং সবকিছু যাচাইপূর্বক ডিউ ডিলিজেন্স দিতে হবে বলে তিনি উল্লেখ করেন। মূল প্রবন্ধ উপস্থাপনের পর এর উপর প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বিভিন্ন মার্চেন্ট ব্যাংকের ম্যানেজিং ডিরেক্টর ও চীফ এক্সিকিউটিভ অফিসারসহ প্রায় ১২০ জন উপস্থিত ছিলেন এবং অনেকে তাদের মূল্যবান মতামত প্রদান করেন।

08-03-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


Seminar on Role of Issue Managers for IPO application
Chief Guest : Dr. Shaikh Shamsuddin Ahmed, Commissioner, B
Welcome Speech : Mr. Md. Sayadur Rahman, President, BMBA
Date : March 8, 2021; Time : 3:00- 5:00 pm
Ba Securities and Exchange Commission
on Bhaban, Agargac